



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট হেল্থ কমিশনার ডঃ হাওয়ার্ড জুকারের বিবৃতি
জনসন অ্যান্ড জনসন অ্যান্ড জনসন টিকাকরণ আবার শুরু করা সম্পর্কে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর বিবৃতি:

"ফেডারেল সরকার এবং আমাদের নিজস্ব স্বাধীন রাজ্যের টাস্ক ফোর্সের বিশ্বখ্যাত জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা তথ্য পর্যালোচনা করেছেন এবং পুনরায় নিশ্চিত করেছেন যে জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) ভ্যাকসিনের ব্যবহার পুনরায় শুরু করা যেতে পারে। নিউ ইয়র্ক রাজ্য অবিলম্বে আমাদের সমস্ত রাজ্য পরিচালিত সাইটে এই টিকা প্রদান করা পুনরায় শুরু করবে। টিকা হল সেই অস্ত্র যা COVID এর বিরুদ্ধে যুদ্ধ জিতবে এবং সবাইকে স্বাভাবিক অবস্থা পুনরায় শুরু করতে দেবে, এবং আমাদের কাছে তিনটি প্রমাণিত টিকা রয়েছে। আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি প্রথমে তাদের কাছে যা উপলব্ধ হবে তাই যেন তারা গ্রহণ করেন। যত তাড়াতাড়ি আমরা সবাই টিকা নেবো, তত তাড়াতাড়ি আমরা এই দীর্ঘ COVID দুঃস্বপ্নকে চিরতরে আমাদের পিছনে ফেলে দিতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন:

"গতকাল সন্ধ্যায়, একটি পুঙ্খানুপুঙ্খ নিরাপত্তার পর্যালোচনার পরে, সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers For Disease Control And Prevention, CDC) এবং ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food And Drug Administration, FDA) COVID-19 এর জনসন জনসন টিকার উপর সুপারিশকৃত বিরতি তুলে নেয় এবং বলে যে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রাপ্তবয়স্কদের জন্য যারা 18 বছর বা তার বেশি বয়সী, তাদের জন্য এই টিকার ব্যবহার পুনরায় শুরু করতে পারে। নিউ ইয়র্ক স্টেটের ক্লিনিকাল অ্যাডভাইজরি টাস্ক ফোর্স (New York State's Clinical Advisory Task Force) এবং গভর্নর কুওমোর সাথে আলোচনার পরে, আমি সুপারিশ করছি যে নিউ ইয়র্ক স্টেট ফেডারেল সুপারিশগুলি গ্রহণ করে এবং জনসন অ্যান্ড জনসন টিকার প্রদান অবিলম্বে কার্যকর করে।

তথ্য দেখিয়েছে যে টিকার পরিচিত সুবিধাগুলি সম্ভাব্য এবং অত্যন্ত বিরল ঝুঁকিগুলির চেয়ে অনেক বেশি, কিন্তু আমরা COVID-19 টিকা সম্পর্কে কারো প্রশ্ন থাকলে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলার জন্য অনুরোধ করছি। আমরা জনসন অ্যান্ড জনসন টিকা এবং বাজারের সমস্ত টিকা সম্পর্কে প্রদানকারী এবং সাধারণ জনগণের কাছে ফেডারেল সরকারের নিয়মিত আপডেট এবং নির্দেশিকা অবগত করা অব্যাহত রাখবো।

আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীকে যত দ্রুত সম্ভব তাদের কাছে যে টিকা উপলব্ধ তা নিতে উৎসাহিত করছি, যাতে আমরা অবশেষে এই ভাইরাসকে পরাজিত করতে পারি এবং আমাদের সম্প্রদায়গুলি এবং অর্থনীতিকে পুরোপুরি পুনরায় খোলার উদ্দেশ্যে আমাদের পথে অব্যাহত থাকতে পারি।"

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)